দৈনিক ই[illegible]ফাক

২৭ . ০৬ . ১৯৮৭
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... ১২ কলাম ... ১ ... ...

০৭



# কৃষি ভার্সিটিতে শিক্ষার পরিবেশ বজায় রাখার আহ্বান

কৃষি বিশ্ববিদ্যালয়ের সংবাদদাতার টেলিফোন : ক্যাম্পাসে গত সোমবারের ঘটনাবলীর প্রেক্ষিতে গতকাল (বুধবার) বিশ্ববিদ্যালয়ের ভিআইপি অতিথি ভবনে ভিসির সভাপতিত্বে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বিভিন্ন অনুষদের ডীন, হল-

( ২য় পৃঃ দ্রঃ )

## কৃষি ভার্সিটিতে

( ১ম পৃঃ পর )

সমূহের প্রভোষ্ট, সহকারী প্রভোষ্ট সহ প্রশাসনিক কর্মকর্তারা বৈঠকে যোগ দেন। বৈঠকে ভিসি প্রফেসার একে এম আমীনুল ইসলাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তি-শৃংখলা ও শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য ছাত্র-শিক্ষক কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল মহলের প্রতি সহযোগিতার আহ্বান জানান। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের ক্লাস ও পরীক্ষাসমূহ যথারীতি অনুষ্ঠানের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। পরে ভিসি সোমবারের ঘটনায় সোহরাওয়ার্দী হলের ক্ষতিগ্রস্ত কক্ষগুলি পরিদর্শনে যান। গতকালের পত্রিকায় প্রকাশিত খবরে আহত মাহমুদুল হক রুমীকে কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র বলিয়া উল্লেখ করা হয়। প্রকৃতপক্ষে তিনি ময়মনসিংহ মেডিক্যাল কলেজের ৫ম বর্ষের ছাত্র।